গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : নিতাই চন্দ্র দে সরকার
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

তারিখ : ৩ আগস্ট, ২০২৩, সময় : ১৪.০০ ঘটিকা
স্থান : মিনি কনফারেন্স রুম, ৭ম তলা হাজিরা : পরিশিষ্ট – ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রকল্প সমন্বয়ক প্রকল্পের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রমসহ বিবিধ বিষয়ে আলোচনার জন্য প্রোগ্রাম ম্যানেজারকে আহবান জানান। অতঃপর, সভাপতি কর্তৃক আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কাজের সংক্ষিপ্ত বর্ণনা, বিগত মাসে প্রকল্পের অগ্রগতি, এই কম্পোনেন্ট এর সম্ভাব্য আউটকাম, চলমান এবং পরবর্তী কার্যক্রম সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। | আগামী মাসিক সমন্বয় সভায় বিগত তিন মাসের সিদ্ধান্তের উপর ভিত্তি করে প্রকল্পের অগ্রগতি উপস্থাপন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ডাটাবেজ | প্রস্তুতকৃত দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ডাটাবেজ সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে প্রশিক্ষনের | ক) ডাটাবেজ সম্পর্কিত প্রশিক্ষণে পোর্টালের ব্যবহারবিধি হাতে কলমে | উপ-প্রকল্প সমন্বয়ক (ICT), প্রোগ্রাম ম্যানেজার, |

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | বিষয় আলোচনা হয়। একই সাথে কমিটির সদস্যদের মাঝে জরুরি অবস্থায় আন্তঃযোগাযোগ রক্ষার জন্য হোয়াটস এ্যাপ গ্রুপ খোলার বিষয়েও আলোচনা হয়। দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি পোর্টাল এ এসএমএস গেইটওয়ে সুবিধা সংযোজন এর মাধ্যমে কমিটির তথ্য হালনাগাদের জন্য নোটিফিকেশন প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | অনুশীলনের ব্যবস্থা করতে হবে।<br>খ) এসএমএস গেইটওয়ের মাধ্যমে অটোজেনারেটেড নোটিফিকেশন প্রেরণ পদ্ধতি চালু করতে হবে।<br>গ) সকল স্তরের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও সদস্য সচিবদের নিয়ে এলাকাভিত্তিক হোয়াটস এ্যাপ গ্রুপ খুলতে হবে।<br>ঘ) আগামী তিন সপ্তাহের মধ্যে ফিল্ড ফ্যাসিলিটেটরগণ সংশ্লিষ্ট কমিটি সমূহের সভাপতি ও সদস্যসচিবদের হোয়াটসএপ নম্বর সংগ্রহ করে প্রেরণ করবেন।<br>ঙ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে সংশ্লিষ্ট ব্যক্তিদের পোর্টাল বিষয়ে অবহিত করতে দ্রুত সময়ের মধ্যে একটি কর্মশালার আয়োজন করতে হবে। | আইসিটি স্পেশালিস্ট ও কমিউনিকেশন অফিসার, ফিল্ড ফ্যাসিলিটেটর |
| ০৩। | Technical Advisory Committee সভা | Technical Advisory Committee এর নতুন সদস্য কো-অপ্ট এর বিষয়ে আলোচনা হয়। | কমিটিতে নতুন সদস্য কো-অপ্টের উদ্দেশ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবহাওয়া বিজ্ঞান বিভাগকে প্রতিনিধি মনোনয়ন এর জন্য পত্র প্রেরণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, কমিউনিকেশন অফিসার ও উপ-প্রকল্প সমন্বয়ক (আইসিটি) |
| ০৪। | সার্ভার সেবা গ্রহণ | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল প্রতিনিধির সঙ্গে আলোচনা সভার পরবর্তী পদক্ষেপ এবং | ক) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের প্রতিনিধিকে সার্ভারের স্পেসিফিকেশন | প্রোগ্রাম ম্যানেজার, হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, আইসিটি |

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | করণীয় নির্ধারণের বিষয়ে আলোচনা করা হয়। | জানিয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>খ) বিকল্প ব্যবস্থা হিসেবে ডিডিএম এ বিদ্যমান সার্ভার ব্যবহার করা সম্ভব কিনা তা পরীক্ষা করতে হবে। | স্পেশালিষ্ট ও উপপ্রকল্প সমন্বয়ক (আইসিটি) |
| ০৫। | ভয়েস মেসেজ পোর্টাল | বন্যা মৌসুমে ভয়েস মেসেজের মাধ্যমে আগাম সতর্কবার্তা প্রচারের জন্য সিস্টেম ডেভেলপমেন্ট ও সিস্টেম টেকসইকরণে উপযুক্ত VOIP সার্ভিস প্রোভাইডার নির্ধারণের বিষয়ে আলোচনা হয়। | ক) VOIP সার্ভিস প্রদান বিষয়ে BTCL এর সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ করতে হবে। BTCL হতে আশানুরূপ সার্ভিস গ্রহণ সম্ভব না হলে বিকল্প উৎস হতে অনুরূপ সার্ভিস নেয়ার বিষয়টি বিবেচনায় রাখতে হবে।<br>খ) বন্যার আগাম সতর্কবার্তা ভয়েজ মেসেজের সাথে টেক্সট মেসেজ হিসেবে পাঠানোর বিষয়টি বিবেচনায় রাখতে হবে। | |
| ০৬। | ল্যান্ড গেজ স্থাপন | ল্যান্ড গেজ স্থাপনের উদ্দেশ্যে উপযুক্ত স্থান নির্বাচনের জন্য বিপদাপন্ন ইউনিয়নসমূহে অনুষ্ঠিত পরামর্শ সভার বিষয়ে আলোচনা হয়। | ল্যান্ড গেজ স্থাপনের জন্য পরামর্শ সভার মাধ্যমে প্রস্তাবিত স্থানসমূহ হতে ৬০ টি উপযুক্ত স্থান নির্বাচনের জন্য Technical Advisory Committee এর সভার আয়োজন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও কমিউনিকেশন অফিসার |
| ০৭। | তথ্য শিক্ষা যোগাযোগ (IEC) উপকরণ | পানি সমতল গেজ, বন্যা আগাম সতর্কবার্তা ও করণীয়সমূহ, সতর্কবার্তা প্রাপ্তির উৎস সম্পর্কে প্রস্তুতকৃত ড্রাফট পোস্টার ও Brochure | আগামী আগস্ট ২০২৩ মাসের মধ্যে খসড়া তথ্য শিক্ষা যোগাযোগ (IEC) উপকরণসমূহ একটি কর্মশালায় , উপস্থাপনের মাধ্যমে ডিডিএম, এলজিইডি | প্রোগ্রাম ম্যানেজার, জিআইএস স্পেশালিস্ট ও কমিউনিকেশন অফিসার |

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | চূড়ান্তকরণ বিষয়ে আলোচনা হয়। | ও মন্ত্রণালয় সহ অন্যান্য সংশ্লিষ্টদের মতামত গ্রহণপূর্বক চূড়ান্ত করতে হবে। | |
| ০৮। | ওয়েবসাইট হালনাগাদ | প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের জন্য প্রস্তুতকৃত ওয়েবসাইটে প্রকল্পের নিয়মিত কার্যক্রম আপলোড ও পূর্বে আপলোডকৃত কার্যক্রম পরিবর্তন ও পরিবর্ধন বিষয়ে আলোচনা হয়। | প্রয়োজনীয় তথ্য পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনের মাধ্যমে ওয়েবসাইট হালনাগাদ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, রিসার্চ ইন্টার্ন ও আইসিটি স্পেশালিস্ট |
| ০৯। | পানি সমতল গেজ স্থাপন | নদীর বিপদসীমা নির্ধারণ বিষয়ক আরো কর্মশালা প্রয়োজন আছে কিনা এবং প্রস্তাবিত স্থানে দ্রুততম সময়ের মধ্যে গেজ স্থাপনের পদক্ষেপ গ্রহণ বিষয়ে আলোচনা হয়। | প্রস্তাবিত অঞ্চলে গেজ স্থাপনের কাজ শুরু করার উদ্দেশ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সাথে আগামী ৯ আগস্ট ২০২৩ এ একটি আলোচনা সভার আয়োজন করতে হবে। | টীম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)

প্রকল্প সমন্বয়ক

প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

ও

পরিচালক (এমআইএম-চ.দা.)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০০১.২৩. ৮৬ (ক)

তারিখ: ০৭-০৮-২০২৩ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।

০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। উপ-প্রকল্প সমন্বয়ক (ICT/ GIS ও RM), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

০৪। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।

০৫। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৬। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৭। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৮। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৯। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১০। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১১। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১২। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১৩। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট (প্রকল্প সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৫। অফিস কপি/ গার্ড ফাইল।

০৭।০৮।২৩

**(প্রবীর কুমার দাস)**
উপ-প্রকল্প সমন্বয়ক (ICT)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট